doubtnut
India's Number 1 Education App

# MATHS

## BOOKS - CHAAYA PRAKASHINI (BENGALI)

## তিনটি সংখ্যার ল.সা.গু ও গ.সা. গু এর মান খুঁজি

Example

**1.** 22 মিটার লম্বা হলুদ ফিতে, 24 মিটার 75 সেমি. লম্বা সবুজ ফিতে ও 16 মিটার 50 সেমি. লম্বা কমলা ফিতে আছে | এই তিনটি রঙের প্রত্যেক রঙের ফিতে থেকে সবচেয়ে বড় মাপের টুকরো কাট যাতে প্রত্যেক রঙের ফিতে থেকে, সমান দৈর্ঘ্যের কয়েকটি টুকরো পাওয়া যায় এবং কোন ফিতে নষ্ট না হয়| ওই সমান দৈর্ঘ্যের ফিতেটি কতটা লম্বা হবে হিসাব করো|

Watch Video Solution

**2.** সলমন বেগুনি রঙের 7 মি 70 সেমি. লম্বা ও মদিনা আকাশী রঙের 3 মি. 26 সেমি. লম্বা ফিতে এনে দুই রঙের ফিতেই সমান দৈর্ঘ্যের সবচেয়ে বড় এমন কয়েকটি টুকরো করো যাতে টুকরো করার পরে দুই রঙের ফিতেই 2 সেমি. করে পড়ে থাকে| হিসাব করে দেখো সমান দৈর্ঘ্যের সবচেয়ে বড় মাপের প্রতিটি টুকরোর দৈর্ঘ্য কত?

Watch Video Solution

**3.** আমার কাছে 40 টাকা আছে | তুমি দুটি মা|টির ভাঁড়ে 5 টাকার মুদ্রায় ভাগ করে রাখো যাতে দুটি ভাঁড়ের টাকার

পরিমাণের গসাগু 5 হয় অর্থাৎ প্রত্যেক ভাঁড়ের টাকার পরিমাণকে সবচেয়ে বড় সংখ্যা 5 দিয়ে ভাগ করা যায়| হিসাব করে দেখাও যে কী কী ভাবে টাকা রাখবে|

Watch Video Solution

**4.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 564 ও 630-কে ভাগ করলে প্রতিক্ষেত্রে 3 ভাগশেষ থাকবে হিসাব করো|

Watch Video Solution

**5.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 78, 182 ও 195-কে ভাগ করলে কোনো ভাগশেষ থাকবে না হিসাব করো।

Watch Video Solution

**6.** মিলি 80 টাকা 50 পয়সায় কয়েকটি খাতা কিনল। তার দাদা ওই একইরকমের আরো কয়েকটি খাতা কিনল 57 টাকা 50 পয়সায়।

Watch Video Solution

**7.** প্রত্যেক খাতার সবচেয়ে বেশি দাম কত ও ওই দামে মোট কতগুলি খাতা কেনা হয়েছিল হিসাব কর |

Watch Video Solution

**8.** স্কুলের তিনটি বেসিনের জলের কলগুলোর প্যাচ কিছুটা নষ্ট হয়ে গেছে| তাই কল বন্ধ করার পরেও ফোঁটা ফোঁটা জল পড়তে থাকে| প্রথম, দ্বিতীয় ও তৃতীয় কল থেকে যথাক্রমে 4 সেকেন্ড, 5 সেকেন্ড ও 6 সেকেন্ড অন্তর জল পড়তে থাকে | আজ সকাল 7 টায় তিনটি কল থেকে একসাথে এক ফোঁটা জল পড়ার কতক্ষণ পরে

আবার একসাথে তিনটি কল থেকেই জলের ফোটা পড়বে হিসাব করো |

Watch Video Solution

**9.** 6, 8, 10 ও 12 দিয়ে বিভাজ্য এমন একটি সংখ্যা খোঁজার চেষ্টা কর যেটি 300 ও 500-এর মধ্যে থাকবে?

Watch Video Solution

**10.** 7 দিয়ে বিভাজ্য এমন ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় করো যা 8, 12 ও 16 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে 3 ভাগশেষ

থাকবে

Watch Video Solution

**11.** চারটি ঘণ্টা 45 মিনিট, 1 ঘন্টা, 1 ঘন্টা 15 মিনিট ও 1 ঘন্টা 30 মিনিট অন্তর বাজে | বেলা 12 টায় ঘন্টাগুলি একসাথে বাজার ঠিক কতক্ষণ পর একসাথে বাজবে ও ওই সময়ের মধ্যে প্রতিটি ঘন্টা কতবার বাজবে?

Watch Video Solution

**12.** হিসাব করে দেখাও চার অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা 12, 15, 20 ও 35 দিয়ে বিভাজ্য |

Watch Video Solution

**13.** পাঁচ অঙ্কের বৃহত্তম সংখ্যা নির্ণয় করো যাকে 16, 24, 30 ও 36 দিয়ে ভাগ করলে প্রত্যেক ক্ষেত্রে 10 ভাগশেষ থাকবে |

Watch Video Solution

**14.** 4 টাকা 20 পয়সা, 5 টাকা 60 পয়সা ও 6 টাকা 30 পয়সা - এর গ.সা.গু. ও ল.সা.গু. নির্ণয় করো |

Watch Video Solution

**15.** 9 কিগ্রা. 786 গ্রা. ও 2 কিগ্রা. 796 গ্রা. -এর গ.সা.গু. ও ল.সা.গু.-এর মান নির্ণয় করো |

Watch Video Solution

**16.** 25 ও 30 -এর গ.সা.গু. ও ল.সা.গু.-এর মান নির্ণয় করো।

Watch Video Solution

**17.** 25, 30 ও 45 যাচাই করে দেখাও তিনটি সংখ্যার ক্ষেত্রেও সংখ্যাগুলির গুণফল সবসময় তাদের গ.সা.গু. ও ল.সা.গু. -এর গুণফল এর সাথে সমান হয় কিনা?

Watch Video Solution

Exercise

**1.** তিনটি ছোটো ট্যাংকে যথাক্রমে 30 লিটার, 56 লিটার ও 84 লিটার তেল আছে | হিসাব করে দেখাও সবচেয়ে বড় কত মাপের পাত্র দিয়ে ট্যাংক তিনটির তেল পূর্ণসংখ্যক বার মাপতে পারবে |

Watch Video Solution

**2.** একটি স্কুলের হল ঘরের দৈর্ঘ্য 2000 সেমি এবং প্রস্থ 1600 সেমি | হিসাব করে দেখাও সবচেয়ে লম্বা কত দৈর্ঘ্যের ফিতে দিয়ে ওই হল ঘরের দৈর্ঘ্য ও প্রস্থ দু-দিকই পূর্ণসংখ্যায় মাপতে পারবে ?

Watch Video Solution

**3.** 1071 টি ধুতি 595 টি শাড়ি ও 357 টি জামা মজুত আছে | হিসাব করে দেখাও সবচেয়ে বেশি কত পরিবারের মধ্যে ওই জিনিসগুলি সমানভাগে ভাগ করে দিতে পারব এবং প্রত্যেক পরিবার কতগুলি করে কি কি জিনিস পাবে ?

Watch Video Solution

**4.** একটি ইঞ্জিনের সামনের চাকার পরিধি 1 মি. 4 ডেসিমি. এবং পেছনের চাকার পরিধি সামনের চাকার পরিধির আড়াই গুণ | হিসাব করে দেখাও কমপক্ষে কত পথ গেলে চাকা দুটি একইসঙ্গে পূর্ণসংখ্যক বার ঘোরা সম্পূর্ণ করবে |

Watch Video Solution

**5.** নীচের সংখ্যাগুলির গ.সা.গু. -এর মান নির্ণয় করো : 24, 36, 54

Watch Video Solution

**6.** নীচের সংখ্যাগুলির গ.সা.গু. -এর মান নির্ণয় করো :

24, 30, 40, 48

Watch Video Solution

**7.** নীচের সংখ্যাগুলির গ.সা.গু. -এর মান নির্ণয় করো :

296, 703, 814

Watch Video Solution

**8.** নীচের সংখ্যাগুলির গ.সা.গু. -এর মান নির্ণয় করো :

160, 165, 305

Watch Video Solution

**9.** নীচের সংখ্যাগুলির গ.সা.গু. -এর মান নির্ণয় করো :

165, 264, 286

Watch Video Solution

**10.** নীচের সংখ্যাগুলির গ.সা.গু. -এর মান নির্ণয় করো :

906, 1510, 1057

Watch Video Solution

**11.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 306, 810 ও 2214 -কে ভাগ করলে প্রতিক্ষেত্রে কোনো ভাগশেষ থাকবে না তা নির্ণয় করো।

Watch Video Solution

**12.** তিনটি আলাদা আলাদা রাস্তার ক্রসিংয়ে তিনটি ট্রাফিক সিগন্যালের আলো যথাক্রমে প্রতি 16 সেকেন্ড, 28 সেকেন্ড ও 40 সেকেন্ড অন্তর পরিবর্তন হয় | যদি সকাল 8 টায় একসাথে আলোর পরিবর্তন করে তাহলে হিসাব করে দেখাও আবার কখন ওই তিনটি ট্রাফিক সিগন্যালের আলো একসাথে আবার পরিবর্তন করবে |

Watch Video Solution

**13.** তিনটি লাঠি আছে যাদের দৈর্ঘ্য যথাক্রমে 45 সেমি., 50 সেমি. ও 75 সেমি.| হিসেব করে দেখাও এই তিনটি

লাঠির প্রত্যেকটি দিয়ে কমপক্ষে কত দৈর্ঘের ফিতে সম্পূর্ণভাবে মাপতে পারবে ?

Watch Video Solution

**14.** ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় কর যা 15, 20, 24 এবং 32 দ্বারা বিভাজ্য |

Watch Video Solution

**15.** নীচের সংখ্যাগুলির ল.সা.গু. -এর মান নির্ণয় করো : 36, 60, 72

Watch Video Solution

**16.** নীচের সংখ্যাগুলির ল.সা.গু. -এর মান নির্ণয় করো :

24, 36, 45, 60

Watch Video Solution

**17.** নীচের সংখ্যাগুলির ল.সা.গু. -এর মান নির্ণয় করো :

105, 119, 289

Watch Video Solution

**18.** নীচের সংখ্যাগুলির ল.সা.গু. -এর মান নির্ণয় করো :

144, 180, 348

Watch Video Solution

**19.** নীচের সংখ্যাগুলির ল.সা.গু. -এর মান নির্ণয় করো :

110, 165, 330

Watch Video Solution

**20.** নীচের সংখ্যাগুলির ল.সা.গু. -এর মান নির্ণয় করো :

204, 408, 306

Watch Video Solution

**21.** নীচের রাশিগুলির ল.সা.গু. ও গ.সা.গু. -এর মান নির্ণয় করো : 6 টাকা 50 পয়সা, 5 টাকা 20 পয়সা এবং 7 টাকা 80 পয়সা |

Watch Video Solution

**22.** নীচের রাশিগুলির ল.সা.গু. ও গ.সা.গু. -এর মান নির্ণয় করো : 2 মি. 28 সেমি., 3 মি. 42 সেমি., 4 মি. 56 সেমি.।

Watch Video Solution

**23.** নীচের রাশিগুলির ল.সা.গু. ও গ.সা.গু. -এর মান নির্ণয় করো : 3 লি. 600 মিলিলি., 4 লি. 800 মিলিলি., 6 লি.।

Watch Video Solution

**24.** নীচের রাশিগুলির ল.সা.গু. ও গ.সা.গু. -এর মান নির্ণয় করো : 6 ঘন্টা 4 মিনিট 30 সেকেন্ড, 2 ঘন্টা 42 মিনিট |

Watch Video Solution

**25.** নীচের সংখ্যাজোড়াগুলির ক্ষেত্রে যাচাই করো যে, সংখ্যাদুটির গুণফল তাদের ল.সা.গু. ও গ.সা.গু. -এর গুণফলের সমান কিনা : 87, 145

Watch Video Solution

**26.** নীচের সংখ্যাজোড়াগুলির ক্ষেত্রে যাচাই করো যে, সংখ্যাদুটির গুণফল তাদের ল.সা.গু. ও গ.সা.গু. -এর গুণফলের সমান কিনা : 60, 75

Watch Video Solution

**27.** নীচের সংখ্যাজোড়াগুলির ক্ষেত্রে যাচাই করো যে, সংখ্যাদুটির গুণফল তাদের ল.সা.গু. ও গ.সা.গু. -এর গুণফলের সমান কিনা : 42, 63

Watch Video Solution

**28.** নীচের সংখ্যাজোড়াগুলির ক্ষেত্রে যাচাই করো যে, সংখ্যাদুটির গুণফল তাদের ল.সা.গু. ও গ.সা.গু. -এর গুণফলের সমান কিনা : 186, 403

Watch Video Solution

**29.** দুটি সংখ্যার ল.সা.গু. ও গ.সা.গু. যথাক্রমে 2175 এবং 415, যদি একটি সংখ্যা 725 হয়, তাহলে অপর সংখ্যাটি কত হবে নির্ণয় করো।

Watch Video Solution

**30.** 145 ও 232 সংখ্যা দুটির গ.সা.গু. -এর মান নির্ণয় কর ও ওই গ.সা.গু. -এর সাহায্যে ল.সা.গু. -এর মান নির্ণয় করো।

Watch Video Solution

**31.** 144 ও 384 সংখ্যা দুটির ল.সা.গু. -এর মান নির্ণয় কর ও ওই ল.সা.গু. -এর সাহায্যে গ.সা.গু. -এর মান নির্ণয় করো।

Watch Video Solution

**32.** 5834 থেকে কোন ক্ষুদ্রতম সংখ্যা বিয়োগ করলে বিয়োগফল 20, 28, 32 ও 35 দিয়ে বিভাজ্য হবে হিসাব করো |

Watch Video Solution

**33.** কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 2300 ও 3500 -কে ভাগ করলে যথাক্রমে 32 ও 56 ভাগশেষ থাকবে নির্ণয় করো |

Watch Video Solution

**34.** হিসাব করে দেখাও কোন বৃহত্তম সংখ্যা দিয়ে 650, 775 ও 1250 -কে ভাগ করলে প্রতিক্ষেত্রে একই ভাগশেষ থাকবে |

Watch Video Solution

**35.** দুটি সংখ্যার যোগফল 384 এবং সংখ্যা দুটির গ.সা.গু. 48, সংখ্যা দুটি কী কী হতে পারে নির্ণয় করো ?

Watch Video Solution

**36.** দুটি সংখ্যার গ.সা.গু. ও ল.সা.গু. যথাক্রমে 12 ও 720, হিসেব করে দেখাও এরকম কত জোড়া সংখ্যা হতে পারে এবং সম্ভাব্য সংখ্যাগুলি কী কী?

Watch Video Solution

**37.** কোন ক্ষুদ্রতম সংখ্যা থেকে 4000 বিয়োগ করলে বিয়োগফল 7, 11 ও 13 দিয়ে বিভাজ্য হবে নির্ণয় করো |

Watch Video Solution

**38.** 50 ও 100 -এর মধ্যবর্তী এমন দু-জোড়া সংখ্যা খোঁজো যাদের গ.সা.গু. 16 |

Watch Video Solution

**39.** 28, 33, 42 ও 77 দ্বারা বিভাজ্য যে সংখ্যাটি 98765 -এর নিকটতম তা নির্ণয় করো |

Watch Video Solution

**40.** 13 দিয়ে বিভাজ্য এমন ক্ষুদ্রতম সংখ্যা নির্ণয় করো যা 8, 12, 16 ও 20 দিয়ে ভাগ করলে প্রতিক্ষেত্রে 1 ভাগশেষ থাকে|

Watch Video Solution